# 📖 সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১৫৫

৩২. রাসূলুল্লাহ (ﷺ) এর পান করার পদ্ধতি (باب ما جاء في شرب رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ مُحَمَّدُ بْنُ الْعَلاءِ ، وَمُحَمَّدُ بْنُ طَرِيفٍ الْكُوفِيُّ ، قَالا : حَدَّثَنَا ابْنُ الْفُضَيْلِ ، عَنِ الأَعْمَشِ ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ ، عَنِ النَّزَّالِ بْنِ سَبْرَةَ ، قَالَ : " أَتَى عَلِيٌّ ، بِكُوزٍ مِنْ مَاءٍ , وَهُوَ فِي الرَّحْبَةِ , فَأَخَذَ مِنْهُ كَفًّا , فَغَسَلَ يَدَيْهِ , وَمَضْمَضَ , وَاسْتَنْشَقَ , وَمَسَحَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَرَأْسَهُ ، ثُمَّ شَرِبَ وَهُوَ قَائِمٌ " ، ثُمَّ قَالَ : " هَذَا وُضُوءُ مَنْ لَمْ يُحْدِثْ ، هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , فَعَلَ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওযুর অবশিষ্ট পানি দাঁড়িয়ে পান করতেন :

১৫৫. নাযযাল ইবনে সাবরা (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আলী (রাঃ) রাহবা তথা কুফার মসজিদের বারান্দায় অবস্থানকালে তাঁর জন্য এক মগ পানি আনা হলো। তিনি তা হতে এক অঞ্জলি পানি নিয়ে উভয় হাত ধৌত করলেন। তারপর কুলি করলেন এবং নাকে পানি দিলেন। এরপর মুখমণ্ডল মাসাহ করলেন। তারপর দাঁড়িয়ে অবশিষ্ট পানি পান করলেন। এরপর বললেন, যার ওযু ভঙ্গ হয়নি, তাঁর ওযু হচ্ছে এই। (তিনি বলেন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে আমি এরূপ করতে দেখেছি।[1]

## English

Nazzaal ibn Sabrah rahmatullahi alaihe says that while he was with Sayyidina Ali in the courtyard (of the Masjid at Kufah), water was brought in a clay pot to him. He took some water in his palms, washed his hands, gargled his mouth, put water in his nose (cleaned it), then made masah of his face, hands and head. Thereafter he stood and drank from it. Then said, “This is the
wudhu of a person who is in a state of wudhu. I had observed Rasoolullah sallallahu alaihe wasallam perform (wudhu) in this manner.”

ফুটনোট

[1] মুসনাদে আহমাদ, হা/৫৮৩।

ব্যাখ্যা

এখানে দুটি সম্ভাবনা রয়েছে। তাঁর একটি হলো হাত-মুখ প্রকৃত অর্থেই মাসেহ করেছেন। এ হিসেবে একে ওযু বলা হয়েছে রূপক অর্থে। যাকে আভিধানিক অর্থেও ওযু বলা যায়। পা ধৌত করার কথা উল্লেখ না থাকাতেও এটা বুঝা যায়। দ্বিতীয়টি হচ্ছে, অল্প ধৌত করাকে মাসেহ বলা হয়েছে। কোন কোন বর্ণনায় মাসেহ এর পরিবর্তে হাত মুখ ধৌত করার কথা উল্লেখ রয়েছে। পা ধোয়ার কথাও কোন কোন বর্ণনাতে এসেছে। কাজেই হাদীসে ওযু করাই উদ্দেশ্য।

---

This hadith is mentioned in brief. The full narration is mentioned in Mishkat from Bukhari. In this hadith it may be possible that in reality he only made masah of the face, hands, etc. And did not actually wash them. To call this wudhu will be metaphorical.

The feet are not mentioned here but presumedly he did masah of them also.

Another elucidation may be that in this hadith the washing of the limbs lightly has been metaphorically explained as masah. This explanation is supported by some narrations where, instead of masah, washing of the face and hands and also the washing of the feet is mentioned. In this case the renewal of wudhu is meant. This exposition is best according to this humble servant.

We also find from this hadith that it is permissible to stand and drink the left over water after wudhu. The permissibility of drinking this water and the water of Zam-zam while standing is mentioned in the kitaabs of fiqh (jurisprudence). Allaamah Shaami has mentioned the experience of some Ulama that it is a tested and proved antidote for diseases. Mulla Ali Qari has mentioned this act as meritorious in the commentary of the Shamaail.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49069

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন